বড়মাপের প্রত্যাশা

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

কে

১
২
৩
৪
৫
৬
৭
৮

Department of Education
Joel I. Klein, Chancellor

বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান এই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

আমরা নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করা উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তাশক্তির দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

এখানে আপনারা কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।

এই নির্দেশিকা কিন্ডারগার্টেনে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? আপনার সন্তান ১ম গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার সন্তানকে সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন।
- ❑ আপনার সন্তানকে সংগঠিত হতে সাহায্য করুন।
- ❑ হোমওয়ার্কের জন্য একটি নিয়মিত সময়সূচি প্রণয়ন করুন।
- ❑ নিশ্চিত করুন যে আপনার সন্তান শিক্ষকের হোমওয়ার্কের নীতিমালা সম্পর্কে জানে।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.

প্রতিবন্ধী শিক্ষার্থী:

শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচিতে (আইইপি) যদি অন্য কোনো ভাবে উল্লেখ না করা থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশগ্রহণ করবে। এই পাঠক্রম বিভিন্ন নির্দেশনাগত স্তরের এবং পরিবেশের জন্য (যেমন, সহযোগিতমূলক দলগত শিক্ষকতার ক্লাস অথবা স্বনিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অভিযোজিত করা যেতে পারে। অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনামূলক সহায়তা, যেমন ক্যালকুলেটর এবং ভিসুয়াল-এইড্সের ব্যবহার, নতুন দক্ষতা শেখার জন্য অতিরিক্ত সময় দেয়া, প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে মান অর্জনে সহায়তা করার জন্য কাজের সময় হ্রাস করা।

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

মান সম্পর্কে আরও জানার জন্য:

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে ?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এইমান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

আমার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:

- ❑ কোন কোন বিষয়ে আমার সন্তান গ্রেড স্তরে ঠিক ঠিক কাজ করছে? কোনো এলাকা আছে কি যেখানে তার উন্নতি প্রয়োজন?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান যেসব বই পড়তে পারে সেগুলো আমাকে দেখাবেন কি?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হবে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

ক

ভাষা শৈলী

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- পূর্বাভাস দেয়ার জন্য পাঠ-পূর্ব এবং পাঠ চলাকালীন কার্যক্রমে সম্পৃক্ত হবে, ঘটনা পরম্পরা অনুযায়ী গল্পটি পুনরাবৃত্তি করবে, গল্পের ঘটনার সাথে তাদের নিজেদের জীবনের ঘটনার মিল বের করতে পারবে।
- কোনকিছু জোরে জোরে নিজে বা অন্য কেউ পড়ার সময়ে লিখিত শব্দ আঙুল ইশারায় দেখাতে পারবে।
- একটি সূচনা, মধ্যভাগ এবং সমাপ্তি সহকারে, ছবি এবং শব্দ ব্যবহার করে একটি গল্প তৈরি করতে পারবে।
- বাস্তব কাহিনী (নন ফিকশন লেখা, যেমন "শিক্ষামূলক") এবং কাল্পনিক কাহিনীর (কল্পকাহিনী যেমন, রূপকথা) মধ্যে পার্থক্য ধরতে পারবে।
- ছন্দ বা মিল যুক্ত উচ্চারিত শব্দ চিহ্নিত করতে এবং ব্যবহার করতে, বিভিন্ন শব্দে ব্যবহৃত একই ধ্বনি চিনতে, এবং প্রতিটি অক্ষরের যে ভিন্ন ভিন্ন ধ্বনি আছে তা বুঝতে পারবে।
- খুব বেশি চোখে পড়ে এধরনের শব্দ সাবলীলভাবে পড়ে (যেমন, "এ," "দি," "মাই," "ইজ," "আর")।
- অক্ষর এবং অঙ্কনচিত্র ব্যবহার করে বিভিন্ন উদ্দেশ্যে (যেমন, গল্প বলতে, অনুভূতি প্রকাশ করতে, এবং তথ্য দিতে) লেবেল লিখতে এবং যোগাযোগ করতে পারবে ।
- পাঠ করার মৌল রীতি ব্যবহার করতে শিখবে: বাম-থেকে-ডানে; উপর-থেকে-নিচে; অক্ষর এবং শব্দের মধ্যে পার্থক্য চিনবে; ছাপা এবং ছবির মধ্যে পার্থক্য বুঝতে শিখবে।
- বিভিন্ন উদ্দেশ্যে কথা বলতে শিখবে: নতুন নতুন তথ্য ব্যাখ্যা এবং আলোচনা, প্রশ্ন, জিজ্ঞাসা, চিন্তা-চেতনা, ভাবনা এবং অনুভূতির প্রকাশ, এবং চিন্তাভিত্তিক কথাবার্তা বলতে এবং সামাজিকভাবে মেলামেশা করতে পারবে।
- পরিপ্রেক্ষিতের ভিত্তিতে নতুন শব্দ শিখতে ও ব্যবহার করতে শিখবে।

বাড়িতে শেখা

পরিবারের মাতৃভাষা এবং ইংরেজি ভাষাতেও উল্লিখিত কৌশলগুলো প্রয়োগ করা যেতে পারে।

প্রতিদিন বাড়িতে সন্তানকে পড়ে শোনাবেন: ছেলেমেয়েরা নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির সাইট "On-Lion" for Kids-এ গিয়ে, ইংরেজি, ফ্রেঞ্চ, বা স্প্যানিশ ভাষায় বইপাঠ শুনতে ও পড়তে পারবে। kids.nypl.org গিয়ে TumbleBooks বাটনে ক্লিক করুন।

দিনের জন্য একটি অক্ষর বেছে নিন। প্রতিদিন বর্ণমালার একটি করে অক্ষর নির্বাচন করুন। আপনার সন্তানকে বলুন আপনার বাড়ির বা মহলায় যেসব জিনিসের নাম এই অক্ষরটি দিয়ে শুরু হয়েছে সেগুলো খুঁজতে বলুন। সন্তানকে বলুন আপনি শব্দটি বলার সাথে সাথে অক্ষরটি খুঁজে নিতে ।

www.colorincolorado.org/guides/readingtips ***ওয়েবসাইট দেখুন।*** এখানে পিতামাতারা জন্য ১০ টি বিভিন্ন ভাষায় পাঠ-কৌশল পেতে পারেন।

আপনার সন্তানকে স্থানীয় লাইব্রেরিতে নিয়ে যান। নিজের নাম লিখতে পারে এমন যে কোনো ছেলেমেয়েকে লাইব্রেরি কার্ড দেয়া হবে।

অঙ্ক

বাড়িতে শেখা

আপনার সন্তানের সাথে খুচরো পয়সা আলাদা করুন। কোয়ার্টার, নিকেল, ডাইম, পেনি আলাদা আলাদাভাবে ভাগ করুন। একেকটি ভাগে কয়টি মুদ্রা আছে গুনে দেখুন।

আপনার সন্তান প্রতিদিন যা করে একসাথে বসে তার তালিকা করুন, যেমন দাঁত ব্রাশ-করা, খেলনা গুছিয়ে রাখা, বই পড়া বা পোষা পশুপাখিকে খাওয়ানো। প্রতিটি কাজ করার সময়ে, বাইরে দিনের আলো আছে না অন্ধকার ঘনিয়েছে তা দেখান।

দানা দিয়ে মালা গেঁথে বা বক দিয়ে মাপ বা রঙের বিভিন্ন প্যাটার্ন তৈরি করুন। একটি প্যাটার্ন শুরু করে সন্তানকে সিদ্ধান্ত নিতে দিন এর পর কী আসবে।

ধাঁধার সমাধান করার জন্য সুযোগ দিন।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- ১ থেকে ২০ পর্যন্ত, এক এক করে, জোরে জোরে গুনতে পারবে।
- ১০ থেকে ১ পর্যন্ত নম্বর লাইন ব্যবহার করে উল্টোদিক থেকে গুনে আসতে পারবে।



- অবস্থানসূচক সংখ্যা ব্যবহার করে ১ থেকে ১০- এর মধ্যে কোনো বস্তুর অবস্থানের বর্ণনা দিতে পারবে। যেমন, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ-এভাবে, দশম পর্যন্ত।
- দুইটি গ্রুপকে তুলনা করে, কোনটি বেশি, কম, কিংবা একই কিনা, নির্ধারণ করতে পারে।
- আকৃতি অনুসারে বিভিন্ন ধরনের জিনিস – ক্ষুদ্রতম থেকে বৃহত্তম এবং বৃহত্তম থেকে ক্ষুদ্রতম – একত্র করতে।
- নিজের চারপাশের সাধারণ আকৃতিগুলো চিনতে, যেমন ঘড়ির গোলাকার মুখ, আয়তাকার দরজা, এবং মেঝের বর্গাকৃতি টাইল|
- "উপর দিয়ে," "এর নিচে," "উপরে," "নিচে," "এর পরে," এবং "এর মধ্যে,"-এ ধরনের শব্দ বুঝতে ও প্রয়োগ করতে।
- দিনের সময়ের সাথে সম্পর্কিত শব্দ, যেমন, "সকাল," "দুপুর," এবং "সন্ধ্যা," ইত্যাদি জানতে। কোন কাজ প্রায়শ একই সময়ে ঘটে থাকে, যেমন সকালে নাস্তা খাওয়া, দুপুরে লাঞ্চ ইত্যাদি জানবে।
- রং ,মাপ এবং প্যাটার্ন চিনতে, বর্ণনা করতে এবং তৈরি করতে পারবে। যেমন, এই প্যাটার্নে এর পরে কোন জিনিসটি আসবে?



- তথ্যভিত্তিক পূর্বাভাস দিতে এবং অনুমান করতে পারবে।

বিজ্ঞান

কিন্ডারগার্টেনের বিজ্ঞানে বস্তুর ভৌতিক ধর্ম, এবং ঋতুভেদে উদ্ভিদ ও পশুপাখির পরিবর্তনের নিরীক্ষা করা হয়।

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- বিভিন্ন বস্তুকে পর্যবেক্ষণ এবং বর্ণনা করার জন্য নিজেদের ইন্দ্রিয়, যেমন দৃষ্টি, স্পর্শ, ব্যবহার করতে জানবে। উদাহরণত, বাস্কেটবল দেখতে গোল, এর গা ক্ষুদ্র ক্ষুদ্র রবারের বিন্দু দিয়ে ঢাকা থাকে এবং কর্কশ অনুভূত হয়, এবং মাটিতে আছড়ে পড়ে আওয়াজ তোলে এসব জিনিস বলতে পারবে।
- একগুচ্ছ জিনিস দেখার পর সিদ্ধান্ত আসতে পারবে যে জিনিসগুলো একই ধরনের না আলাদা আলাদা।
- বস্তুর ভৌত ধর্ম বর্ণনা এবং তুলনা করার জন্যে সরঞ্জাম ব্যবহার করতে পারবে। যেমন, একটি প্যান ব্যালেন্স স্কেল ব্যবহার করে দেখতে দুটি বস্তুর মধ্যে কোনটির ওজন বেশি, অথবা থার্মোমিটার ব্যবহার করে বের করতে অনেকগুলো গাসের মধ্যে কোনটিতে পানির তামাপাত্রা বেশি।
- পদার্থের, যেমন কাঠ, প্লাস্টিক অথবা ধাতুর ধর্ম পক্ষবেক্ষণ, বর্ণনা এবং শনাক্ত করতে পারবে। যেমন, কাঠের আঁশ অথবা পালিশ-করা ধাতুর চকচকে উপরিভাগ চিনতে।
- বস্তুকে তাদের ভৌত ধর্ম, যেমন রঙ, আকার বা গঠন অনুযায়ী বিন্যস্ত করতে শিখবে।
- প্রত্যেক ঋতুতে উদ্ভিদ কীভাবে বদলায় তা পর্যবেক্ষণ ও বর্ণনা করবে।
- উদ্ভিদ ও পশুপাখি কীভাবে বাড়ে এবং পরিবর্তিত হয় তা পর্যবেক্ষণ করবে।
- উদ্ভিদ ও পশুপাখির বেঁচে থাকার জন্য কী কী প্রয়োজন হয়, যেমন বাতাস, পানি এবং আলো এগুলো চিহ্নিত করতে পারবে।
- উদ্ভিদের অংশ- যেমন শিকড়, পাতা, কাণ্ড, ফুল- যেগুলো বিভিন্ন গাছপালাকে বাঁচতে সমর্থ করে, সেগুলো পর্যবেক্ষণ করতে এবং তুলনা করতে পারবে।
- জীবজগতের প্রজন্ম আছে এবং প্রজন্ম দেখতে তাদের পিতামাতাদের মতই হয়, একথা বুঝবে।

বাড়িতে শেখা

প্রতিদিন জেগে ওঠার পর সন্তানের সাথে দিনের আবহাওয়ার খোঁজ নিন। ওই দিনের আবহাওয়ার পূর্বাভাসের উপর ভিত্তি করে সন্তান কী ধরনের জামাকাপড় পরে স্কুলে যেতে পারে তা নিয়ে কথা বলুন।

আপনার সন্তানকে আপনার বাড়ির কাছে কোন একটি গাছের ছবি তুলতে বা আঁকতে বলুন ঋতু বদলের সাথে সাথে। ছবিগুলো একসাথে প্রদর্শন করে পরিবর্তন সম্পর্কে আলোচনা করুন।

বাড়িতে একটি পাত্রে ***সহজ-ভাবে-বাড়ে এমন একটি উদ্ভিদ পরিচর্যা করতে আপনার সন্তানকে সাহায্য করুন,*** যেমন 'বিগোনিয়া' বা 'কোলিয়াস'। দুজনে মিলে বের করুন, সবল উদ্ভিদের জন্য কী কী প্রয়োজন।

পরিবারের সবাই মিলে একটি পাতা সংগ্রহ চালু করুন এবং পাতাগুলোর মধ্যে মিল এবং অমিল নিয়ে সন্তানের সঙ্গে আলোচনা করুন। আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রির অনলাইনে পাতা বিষয়ে একটি নির্দেশিকা এবং প্রাপ্তবয়স্ক সহায়তাকারীদের জন্য কিছু পরামর্শ রয়েছে। www.amnh.org/nationalcenter/online_field_journal/ ওয়েবসাইটে গিয়ে "Field Journals" বাটনে ক্লিক করন এবং "Leaves" বেছে নিন।

বাড়িতে শেখা

আপনার সন্তানের স্কুলে বা মহল্লায় যা ঘটছে তা নিয়ে কথা বলুন। আপনার সন্তান এমন কী দেখেছে যা নতুন এবং ভিন্নতর?

আপনার সন্তানকে স্থানীয় লাইব্রেরিতে নিয়ে যান এবং আপনার কম্যুনিটির ইতিহাস সম্পর্কিত বইপত্র দেখুন।

আপনার পারিবারিক উত্তরাধিকারকে প্রতিফলিত করে এমন লোককাহিনি আপনার সন্তানকে পড়ে শোনান। নিউ ইয়র্ক সিটির পাবলিক লাইব্রেরিগুলোতে অনেক দেশের লোককাহিনির বই আছে।

আপনার "ফ্যামিলি ট্রি" অথবা পরিবারের ছবির অ্যালবাম তৈরি করুন এবং একটি পরিবার অপর পরিবার থেকে কীভাবে ভিন্ন রকমের হয় তা নিয়ে সন্তানের সঙ্গে আলাপ করুন।

সমাজপাঠ

কিন্ডারগার্টেনে সমাজপাঠে শিক্ষার্থীরা নিজেদের এবং পরিবার ও কম্যুনিটিসহ অন্যদের উপর ধারণা অন্বেষণ করে।

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- পরিবার, স্কুল, মহলা এবং কম্যুনিটি কীভাবে কাজ করে তা বুঝবে।
- জানবে, পরিবারের নিজস্ব চাহিদা ও আকাঙ্ক্ষা আছে এবং মানুষ একে অপরকে সাহায্য করে।
- একটি কম্যুনিটি, সিটি, স্টেস্ট এবং দেশের সদস্য হিসাবে নিজেদেরকে চিহ্নিত করতে পারবে।
- নাগরিকত্বের চিহ্ন, যেমন যুক্তরাষ্ট্রের পতাকা চিনবে। দেশের এবং কম্যুনিটির প্রতি নাগরিকের দায়িত্ব আছে একথা জানবে।
- অন্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে এবং অন্যদের সাথে ভালোভাবে কাজ করতে শিখবে।
- মানুষ আইন বানায় ও বদলায় একথা জানবে।
- বর্তমান ঘটনাপ্রবাহ সম্পর্কে তারা সচেতন তা দেখাতে পারবে, যেমন প্রেসিডেন্ট নির্বাচন অথবা নিউ ইয়র্ক সিটি চিড়িয়াখানায় একটি প্রধান নতুন পশু-শাবকের জন্ম।
- শিশু, পরিবার, স্কুল বা বিভিন্ন এলাকা সম্পর্কিত কল্পকাহিনি বা মননশীল বই দেখবে বা পড়বে।
- নিজেদের পরিবারের সাংস্কৃতিক উৎসের (যেমন ইতালীয়ান, অফ্রিকান-আমেরিকান, বা পুর্টো রিকান) সঙ্গে সম্পর্ক চিহ্নিত করতে পারবে।
- বিভিন্ন মূল্যবোধ এবং প্রথা সম্পর্কে জানার জন্য লোককাহিনি এবং অন্যান্য লেখার পাঠ শুনবে।

আরও অপরিহার্য জ্ঞান এবং দক্ষতা

আমাদের কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক করা এবং বিজ্ঞান ও সমাজপাঠের মূল ধারণাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।

- ***শিল্পকলা:*** শিক্ষার্থীরা রোজ দৃশ্য কলা, সঙ্গীত, নৃত্য, এবং থিয়েটার বিষয়ে হাতেকলমে শিক্ষালাভের সুযোগ পায়। নিজেদের কল্পনাকে উদ্দীপিত করার সাথে সাথে শেখা, বেড়ে ওঠা এবং মনের ভাবনা প্রকাশ করার জন্য তারা নিজেদের দেহ ও মনের ব্যবহার করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***শারীরিক পটুতা ও স্বাস্থ্য:*** দৈহিকভাবে কর্মঠ থাকা, স্বাস্থ্যকর জীবনধারা তৈরি করা এবং বিভিন্ন ধরনের প্রথাগত ও অপ্রথাগত শারীরিক পটুতা বিষয়ক কার্যক্রমের জন্য শিক্ষার্থীরা সুযোগ লাভ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***লাইব্রেরি এবং গবেষণা:*** শিক্ষার্থীরা লাইব্রেরি এবং গবেষণার উপকরণ সম্পর্কে অভ্যস্ত হওয়া শুরু করে। এর মধ্যে রয়েছে তাদের পছন্দের ছবির বই খুঁজে বের করার জন্য অক্ষরানুক্রম ব্যবহার প্রণালি, কল্পকাহিনীর বই এবং বাস্তবকাহিনীর বইয়ের মধ্যে পার্থক্য নির্ধারণ, এবং প্রশ্নের সহজ উত্তর ও তথ্য অনুসন্ধানের কৌশল। আরও বিশদ জানতে নিচের ওয়েবসাইট দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***প্রযুক্তি:*** শিক্ষকদের দেখান উপযুক্ত তথ্যসম্পদ দেখার জন্য কিন্ডারগার্টেনের ছেলেমেয়েরা কম্পিউটার, ক্যালকুলেটর, ওয়েব এবং অন্যান্য প্রযুক্তি উপকরণ ব্যবহার শুরু করে। সাইবার নিরাপত্তার সাথে পরিচিত করিয়ে দেয়ার প্রথম ধাপ হিসাবে শিক্ষকেরা ওয়েবের বিধিসম্মত ব্যবহার চালু করেন। শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের শিক্ষাকে জোরদার এবং নিজেদের সৃজনশীলতা প্রকাশের উদ্দেশ্যে বিভিন্ন ধরনের সহায়সঙ্গাতি (যেমন শিক্ষা সম্পর্কিত সফটওয়্যার) নিয়ে কাজ শুরু করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics

আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 -এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 K (Bengali)